

# জবি শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষ

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০১:৩১, ৪ মার্চ ২০২৫



ছবি সংগৃহীত

পুরান ঢাকার ধোলাইখাল এলাকায় মঙ্গলবার দিবাগত রাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয় লোকজনের সংঘর্ষের ঘটনা ঘটেছে। প্রতিবেদন লেখা পর্যন্ত (সাড়ে ১২টা) সংঘর্ষ চলছিল।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী সম্মাট ধোলাইখাল এলাকার একটি মার্কেটের সামনে দিয়ে যাচ্ছিলেন। এই সময়ে ভুলক্রমে তিনি একটি নির্মাণাধীন ঢালাইয়ের উপরে পা দেন, যা নিয়ে স্থানীয় লোকজনের সঙ্গে তার বাগবিতণ্ডা শুরু হয়। এই ঘটনার পর স্থানীয়রা সম্মাটকে মারধর শুরু করেন, ফলে তিনি প্রতিরোধ করতে চেষ্টা করেন।

×

×

এক পর্যায়ে, সম্রাট তার সহপাঠীদের কল দেন এবং হাবিবসহ আরও দুইজন ঘটনাস্থলে উপস্থিত হন। কিন্তু স্থানীয় লোকজন তাদেরও মারধর করে এবং তাদের আটক করে রাখে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. তাজাম্মুল হক জানান, তিনি কোতোয়ালি, সূত্রাপুর, বংশাল এবং ওয়ারি থানায় যোগাযোগ করেছেন এবং ফোর্স পাঠানোর ব্যবস্থা করা হয়েছে। তিনি আরও জানান, আহত শিক্ষার্থীকে ন্যাশনাল মেডিকলে ভর্তি করা হয়েছে এবং সহকারী প্রক্টররা সেখানে আছেন। তিনি পরিস্থিতি শান্ত করার চেষ্টা করছেন।

ওয়ারি থানার ওসি মুস্তাফিজুর রহমান বলেন, "আমরা ঘটনাটি খতিয়ে দেখছি এবং তদন্ত চলছে।"